



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৬৬

তারিখ : ১৩/০১/২০২০ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের জন্য স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

বিভাগের নাম, পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (১) ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ প্রভাষক (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) (শুধুমাত্র ইতিহাস বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিধারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	৩টি	প্রভাষক : ১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.০০ অথবা সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ থাকতে হবে। ২. সংশ্লিষ্ট বিভাগে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ৩. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে- ক) ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী প্রার্থীরাও আবেদন করতে পারবে এবং এমএসসি ডিগ্রিধারী যোগ্য প্রার্থী পাওয়া না গেলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী প্রার্থী এমএসসি ডিগ্রি যথাশীঘ্র সম্পন্ন করার শর্তে নেয়া যেতে পারে। খ) মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ অথবা সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি থাকতে হবে।
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ (২) ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ প্রভাষক (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) (শুধুমাত্র ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ও এমএসসি ডিগ্রিধারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	২টি	
(৩) ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ প্রভাষক (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) (শুধুমাত্র ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ও এমএসসি ডিগ্রিধারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	২টি	
প্রকৌশল দপ্তর (৪) উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎকৌশল)	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ২য় শ্রেণির/ সমমানের ডিপ্লোমাদারী হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড প্রাপ্ত এবং পেশাগত কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

### শর্তাবলী :

- আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ০৫/০২/২০২০ ইং। সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের(০৫/০২/২০২০ ইং) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।
- আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইট (www.pust.ac.bd)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে :  
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।  
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষায় ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

১৩/০১/২০২০

অতিরিক্ত রেজিস্ট্রার  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
পাবনা।